

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬৬৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫. দ্বিতীয় অনুচ্ছেদ - আযানের ফ্যীলত ও মুয়ায্যিনের উত্তর দান

### আরবী

وَعَنْ عُقْبَةَ بْنِ عَامِرٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «يَعْجَبُ رَبُّكَ مِنْ رَاعِي غَنَمٍ فِي رَأْسِ شَظِيَّةٍ لِلْجَبَلِ يُؤَذِّنُ بِالصَّلَاةِ وَيُصلِّي فَيَقُولُ اللَّهُ عَزَّ وَجَلَّ انْظُرُوا إِلَى عَبْدِي هَذَا يُؤَذِّنُ وَيُقِيمُ الصَّلَاةَ يَخَافُ مِنِّي قَدْ غَفَرْتُ لِعَبْدِي وَأَدْخَلْتُهُ الْجَنَّةَ» . رَوَاهُ أَبُو دَاوُد وَالنَّسَائِي

#### বাংলা

৬৬৫-[১২] 'উক্ববাহ্ ইবনু 'আমির (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমার রব সেই মেষপালক রাখালের উপর খুশী হন, যে একা পর্বত চূড়ায় দাঁড়িয়ে সালাতের জন্য আযান দেয় ও সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করে। আল্লাহ তা'আলা সে সময় তার মালায়িকাহ্-কে (ফেরেশতাগণকে) বলেন, তোমরা আমার এই বান্দার দিকে তাকাও। সে আমাকে ভয় করে (এই পর্বত চূড়ায়) আযান দেয় ও সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করে। তোমরা সাক্ষী থাক আমি আমার বান্দাকে মাফ করে দিলাম এবং জান্নাতে প্রবেশ করিয়ে দিলাম। (আবূ দাউদ ও নাসায়ী)[1]

## ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ১২০৩, নাসায়ী ৬৬৬, 'ইরওয়া ২১৪।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: যে ব্যক্তি মাঠে-ঘাটে অবস্থান করা সত্ত্বেও মহান আল্লাহকে ভয় করে এবং তাঁর বিধান মেনে চলে আল্লাহ তা'আলা তার প্রতি সন্তুষ্ট হয়ে তাকে জান্নাতে প্রবেশ করান। হাদীসে বলা হয়েছে, যে ব্যক্তি মাঠে ময়দানে রাখাল হিসেবে কাজ করে কিন্তু সালাতের সময় হলে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করে আবার তা এমনভাবে আদায় করে যে, আযান দেয় এবং ইকামাতও দেয়। আল্লাহ তা'আলা এমন রাখালের বিষয়ে আশ্চর্যবাধ করেন। এ বিষয়টি তাঁর নিকট অত্যন্ত গুরুত্বপূর্ণ। এমন বান্দাকে তিনি তার সন্তুষ্টি দ্বারা ভূষিত করেন এবং তাকে এ



কাজের জন্য যথেষ্ট পুরস্কার দান করেন। কারণ এ বান্দা একমাত্র আল্লাহ ছাড়া অন্য কাউকে ভয় করে না। সে নিয়মিত সালাত আদায় করে। আর যা করে তা একমাত্র তার রবের সম্ভুষ্টি লাভের জন্য। দুনিয়ার কোন স্বার্থ বা কাউকে দেখানোর জন্য না। তার এ কাজের খবর আল্লাহ তা আলা মালায়িকাকে জানিয়ে দেন এবং তিনি এ ঘোষণাও দেন যে, আমি আমার এ বান্দাকে জানাতে প্রবেশ করাবো।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন